শেখ হাসিনার উদ্যোগ


# গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২

Gazipur Palli Bidyut samity-2

pbs2.gazipur.gov.bd

সদর দপ্তর
রাজেন্দ্রপুর, গাজীপুর
টেলিফোন : ০২-৯২০১৭৮৩
E-mail: gazipbs2@gmail.com


স্মারক নং :- ২৭.১২.৩৩৩০.৫৭৭.০১.০৩৮.২৪.৭৪৫ তারিখ : ২৮.০২.২০২৪ খ্রিঃ।

**"এসপিসি পোল" পরিবহনের** জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্র (RFQ)

কোটেশন নম্বর: (১৮/২০২৩-২০২৪), তারিখ: ২৮/০২/২০২৪ খ্রিঃ

০১। গাজীপুর পবিস-২ এর অনুকূলে ৫০ টি এসপিসি পোল রাজবাড়ী পবিস হতে পরিবহন করে অত্র পবিসের ভবানীপুর পোল ইয়ার্ডে পৌঁছানো পর্যন্ত পরিবহন, লোডিং এবং আনলোডিং করণের লক্ষ্যে প্রকৃত পরিবহন ঠিকাদার প্রতিষ্ঠানের নিকট হতে "RFQ (রিকোয়েষ্ট ফর কোটেশন)" পদ্ধতিতে নিম্মোক্ত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

০২। এসপিসি পোল পরিবহন করতে ইচ্ছুক কোটেশনদাতাগণ কোটেশন দাখিলের পূর্বে অফিস চলাকালীন সময়ে সরেজমিনে পরিদর্শন করতে পারবেন।

০৩। এতদসংগে সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির **web-http:// pbs2.gazipur.gov.bd** হতে ডাউনলোড করে কোটেশন এর সকল শর্তাদি পুরন সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফর্মে দরপত্র গ্রহণযোগ্য হবে না। অথবা আবেদনের মাধ্যমে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ হতে কোটেশন দলিল সংগ্রহপূর্বক দর দাখিল করতে হবে।

০৪। নির্ধারিত কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬নং অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারী কর্তৃক নির্ধারিত দপ্তরে ক) গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, রাজেন্দ্রপুর, গাজীপুর অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

০৫। কোটেশন দাখিল এবং পোল পরিবহনে কোন জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

০৬। সিলমোহরকৃত খাম আগামী **০৭/০৩/২০২৪** খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকার মধ্যে ৪ নং অনুচ্ছেদে বর্ণিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে **'এসপিসি পোল পরিবহনের জন্য কোটেশন এবং ০৭/০৩/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার** আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

০৭। প্রাপ্ত দরপত্রসমূহ ০৭/০৩/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসে **web-http:// pbs2.gazipur.gov.bd** এ দেখা যাবে।

০৮। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যুনতম ৬০ (ষাট) দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

০৯। কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নং ৪ এ বর্ণিত স্থানসমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১০। এসপিসি পোল পরিবহনের জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক পরিবহনের পর সমিতির প্রতিনিধির মাধ্যমে পরিবহনের গুনগত মান সন্তোষজনক সাপেক্ষে গ্রহণ করা হবে। সন্তোষজনক পোল পরিবহনের পর বিল দাখিল সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধ যোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎস কর আয়কর ও অন্যান্য কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১১। দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১২। **কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরুপ বৈধ ট্রেড লাইসেন্স এবং টিআইএন সনদ, ভ্যাট নিবন্ধন এর সত্যায়িত অনুলিপি এবং কোন তফসীল ব্যাংক হতে আর্থিক স্বচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।**

১৩। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৪। উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৫। ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ০৭ **(সাত)** দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৬। নির্দিষ্ট সময়ের মধ্যে পরিবহন কাজে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশে উল্লেখিত মোট মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসেবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% এর অধিক হবে না।

১৭। পোল পরিবহন কাজে সকল প্রকার নিরাপত্তা সংক্রান্ত বিধিমালা অনুসরণ করতে হবে। পরিবহনকালে পোলের কোন প্রকার ক্ষয়-ক্ষতি হলে পরিবহনকারী প্রতিষ্ঠান কর্তৃক ক্ষতিপূরণ প্রদান করতে হবে।

১৮। আগ্রহী প্রতিষ্ঠানকে অবশ্যই পোল পরিবহন ও স্থানান্তর কাজে অভিজ্ঞ হতে হবে। দরপত্রের সাথে অভিজ্ঞতার প্রমাণক দাখিল করতে হবে।

১৯। কার্যাদেশ প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে ট্রেইলার/ট্রাক যোগে পোল অক্ষত অবস্থায় রাজবাড়ী পবিসের পোল ইয়ার্ড হতে গাজীপুর পবিস-২ এর আওতাধীন ভবানীপুর নামক স্থানে পোল পরিবহনের উদ্দেশ্যে পরিবহন, লোডিং-আনলোডিং ও হ্যান্ডেলিং করতে হবে। লোডিং-আনলোডিং ও হ্যান্ডেলিং সময় ক্রেন, স্ক্রু জ্যাক, কাঠের স্লিপারসহ সংশ্লিষ্ট সকল যন্ত্রপাতি নিজ দায়িত্বে সরবরাহ করতে হবে।

২০। পোল পরিবহনের জন্য পর্যাপ্ত এবং অভিজ্ঞ ও কর্মঠ লেবার থাকতে হবে। পরিবহনকালে কোন লেবারের কোন দূর্ঘটনা/আহত/মৃত্যু হলে সম্পূর্ণ দায়ভার কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে বহন করতে হবে। এ বিষয়ে গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ কোন দায়ভার গ্রহণ করতে না ও ক্ষয়ক্ষতি বহন করবে না।

২১। পোল পরিবহনের জন্য কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠান যে পথ হয়ে পোল পরিবহন করবে সে পথের সকল ধরণের বাধা ও প্রতিবন্ধকতা নিজ দায়িত্বে অপসারন করে পোল পরিবহন করতে হবে।

২২। গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্তৃপক্ষ সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

কোটেশন আহবানকারী কমকর্তার স্বাক্ষর

(প্রকৌঃ মোঃ গোলাম মোস্তফা)
সিনিয়র জেনারেল ম্যানেজার
তারিখ ২৮/০২/২০২৪ খ্রিঃ
গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
রাজেন্দ্রপুর, গাজীপুর।
ফোন নম্বর ০২-৯২০১৭৮৩
ই-মেইল: gazipbs2@gmail.com

**<u>বিতরণ</u>** ***<u>(জৈষ্ঠতার ভিত্তিতে নয়):</u>***

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বর্ণিত তারিখ ও সময়ে দরপত্র গ্রহণের অনুরোধসহ)।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, (আইসিটি) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ)।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন, বাপবিবো, সাভার, ঢাকা।
০৪। জেলা প্রশাসক, গাজীপুর।
০৫। পুলিশ সুপার, গাজীপুর।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------------------------------------পবিস-১/২/৩/৪।
০৭। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, গাজীপুর।
০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, গাজীপুর।
০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সদর/কাপাসিয়া/শ্রীপুর, গাজীপুর।
১০। ডিজিএম-কারিগরী/কাপাসিয়া জোনাল অফিস, গাজীপুর পবিস-২।
১১। এজিএম-অর্থ-হিসাব, গাজীপুর পবিস-২।
১২। এজিএম (আইটি), গাজীপুর পবিস-২ (সমিতির ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রদানের জন্য)।
১৩। নোটিশ বোর্ড, গাজীপুর পবিস-২।

# Standard Request for Quotation Document (National)

## For Procurement of Works

## [Request for Quotation Method]

**আরএফকিউ বিজ্ঞপ্তি নং-১৮/২০২৩-২০২৪**

**IOS 9001:2015 CERTIFIED**

**বিষয়ঃ "এসপিসি পোল " পরিবহনের কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন পত্র।**

Gazipur Palli Bidyut Samity-2
Rajendrapur, Gazipur.

---

............................................
ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

কোটেশন দাখিল পত্র

**[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]**

**পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল**

কোটেশন এর স্মারক নম্বর: ২৭.১২.৩৩৩০.৫৭৭.০১.০৩৮.২৪. (১৮/২০২৩-২০২৪). তারিখ: ২৮/০২/২০২৪ খ্রিঃ।

প্রতি
সিনিয়র জেনারেল ম্যানেজার,
গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২
রাজেন্দ্রপুর, গাজীপুর।

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে **"এসপিসি পোল"** সরবরাহ করার জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা ......................... কথায়...........................................

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ২৮/০২/২০২৪ খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর
তারিখ

## <u>পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল</u>

কোটেশন এর স্মারক নম্বর: ২৭.১২.৩৩৩০.৫৭৭.০১.০৩৮.২৪. (১৮/২০২৩-২০২৪), তারিখ: ২৮/০২/২০২৪ খ্রিঃ।

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমান | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে/কথায় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১ | ০১ | এসপিসি পোলঃ<br>ফুট-৪৮<br>সাইজ (৫০-8) | টি | ৫০ টি | | | | ভবানীপুর পোল ইয়ার্ড, গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাজেন্দ্রপুর গাজীপুর। |

| | | |
|---|---|---|
| সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট **মূল্য**<br>(ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | অংকে | |
| | কথায় | |

| | |
|---|---|
| মাল প্রেরণের ঠিকানা | গাজীপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, রাজেন্দ্রপুর, গাজীপুর। |
| মোট মূল্য টাকায় (কথায়) | [উপরোল্লিখিত তফশীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।] |
| প্রস্তাবিত সরবরাহ | [সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন] ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | [পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ থেকে সপ্তাহ অথবা দিন লিখুন; প্রযোজ্য না হলে তারিখ বা দিন উল্লেখ করার প্রয়োজন নেই] |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের তফশীলে..--------- টি সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর করা হয়েছে।

আমার/আমাদের প্রস্তাব ....../......./২০২৪ পর্যন্ত বৈধ থাকবে।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | |
| কোটেশনদাতার নাম | তারিখ: |

**টীকা:**

১। কলাম ১,২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭ ও ৮ কোটেশনদাতা পূরণ করবে।

২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোতভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।

## আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

| ক্রমিক নম্বর | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল (make and model) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | R-48 | SPC Pole R-48=50 টি | (৫০-৪) ' সাইজের এসপিসি পোল রাজবাড়ী পোল ইয়ার্ড হতে পরিবহন করে গাজীপুর পবিস-২ এর ভবানীপুর নামক স্থানে পরিবহন। | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশন**দাতার** স্বাক্ষর | তারিখ: |
| কোটেশন**দাতার** নাম | |

টীকা:

১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশন**দাতা** পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) **ক্রয়কারী** পূরণ করবে। **ক্রয়কারীর** প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর **প্রদানের** জন্য একসেট **সঠিক** এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার **লক্ষ্যে প্রস্তুত করতে হবে** এবং একইসঙ্গে **ক্রয়তব্য** পণ্য ও **সংশ্লিষ্ট** সেবার **কারিগরি দক্ষতা, দ্রব্যাদি** এবং কার্য-**সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা** করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত **আইটেম , দ্রব্যাদি** এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং **সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি** মডেলের **হবে। তার** নকশা এবং **দ্রব্যাদি**তে সব সাম্প্রতিক **উৎকর্ষ** সন্বেবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র (**brochures**) সংযুক্ত করবে।